উপজেলা আইন -শৃংখলা কমিটির আগষ্ট/২০১৭ মাসের সভার কার্য-বিবরণীঃ

তারিখ ঃ ২৩/৮/২০১৭ খ্রিঃ
সময় ঃ সকাল ১১:০০ টা।
স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।
সভাপতি ঃ মোঃ জাহাঙ্গীর আলম,
উপজেলা নির্বাহী অফিসার
সাঁথিয়া, পাবনা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা "পরিশিষ্ট-ক" তে সংযুক্ত।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সাঁথিয়া উপজেলা আইনশৃংখলা কমিটির সম্মানিত উপদেষ্টা,চেয়ারম্যান,উপজেলা পরিষদ, ভাইস চেয়ারম্যান ও উপজেলা আইন-শৃংখলা কমিটির সদস্যবৃন্দকে শুভেচ্ছা ও স্বাগত জানান। তিনি সাঁথিয়া উপজেলার আইন-শৃংখলা পরিস্থিতি স্থিতিশীল ও স্বাভাবিক থাকায় সকলকে ধন্যবাদ জানান। তিনি গত সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে আইন-শৃঙ্খলা কাজে নিয়োজিত থানার অফিসার-ইন-চার্জসহ সংশ্লিষ্টগণকে ধন্যবাদ জ্ঞাপন করেন। অতঃপর সভায় বিস্তারিত আলোচনা ও নিম্নরূপ সিদ্ধান্ত গৃহিত হয়।

ঃ অপরাধ চিত্রের তুলনা মুলক বিবরণীঃ

আগষ্ট/ ২০১৭ মাস

| নারী,শিশু নির্যাতন ও অন্যান্য | নারী ,শিশু নিযাতন, ধর্ষন | সড়ক দুর্ঘটনা | খুন | মাদক | দস্যুতা | পুলিশ আক্রান্ত | সিধেল চুরি | অন্যান্য | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ০৩ | - | - | - | ১২ | - | - | ০২ | ১৪ | ৩১ |

জুলাই /২০১৭ মাস

| নারী,শিশু নিযাতন ও অন্যান্য | নারী ,শিশু নিযাতন, ধর্ষন | সড়ক দুর্ঘটনা | খুন | মাদক | দস্যুতা | পুলিশ আক্রান্ত | সিধেল চুরি | অন্যান্য | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| - | ০৬ | - | - | ০৯ | - | - | - | ১৫ | ৩০ |

০১. বিগত সভার কার্য বিবরণী অনুমোদন ঃ
আগষ্ট/২০১৭ মাসের সভার কার্যবিবরণী সভায় পঠিত হয় এবং কোনরূপ সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়।

০২। :

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১। | **মোবাইল কোর্ট** : আগষ্ট ২০১৭ মাসে মোবাইল কোর্ট পরিচালনা সংক্রান্ত তথ্য সহকারি কমিশনার(ভূমি), সাঁথিয়া, পাবনা সভায় উপস্থাপন করে জানান যে, আগষ্ট ২০১৭ মাসে ০৩ টি মোবাইল কোর্ট পরিচালনা করা হয়। পাবলিক পরীক্ষা আইন ১৯৮০ এর ৩(খ) ধারায় ৪০০০০.০০ টাকা জরিমানার অর্থ আদায় করা হয় এবং ০১(এক) জনকে বিনাশ্রমে ০৭ দিনের কারাদন্ড প্রদান করা হয় এবং ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর ৫১ ও ৫২ ধারায় মোবাইল কোর্ট পরিচালনা করে ১০০০০০.০০ টাকা জরিমানার অর্থ আদায় করা হয়। এছাড়া ও বিএসটিআই অধ্যাদেশ ১৯৮৫ এর২৮(১) ধারায় ২৮০০০.০০ টাকা জরিমানার অর্থ আদায় করা হয়। | সাঁথিয়া উপজেলায় আইন-শৃঙ্খলা সুষ্ঠ ও সুন্দর রাখার স্বার্থে মাহে রমজান উপলক্ষে খাদ্য, ফল, দুধ ও আনুষঙ্গিক বিষয়ে বেশী বেশী মোবাইল কোর্ট পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, সাঁথিয়া, ও সি সাঁথিয়া/আতাইকুলা থানা এবং সংশ্লিষ্ট সকল। |
| ০২। | **বাল্য বিবাহ নিরোধ :** চেয়ারম্যান, কাশিনাথপুর সভায় জানান যে, দৈনিক পত্রিকাতে কাশিনাথপুর ইউনিয়ন পরিষদের বিভিন্ন গ্রামে ১৫টি বাল্য বিবাহ অনুষ্ঠিত হয়েছে মর্মে প্রতিবেদন প্রকাশিত হয়েছে। উক্ত প্রকাশিত প্রতিবেদনে মহিলা বিষয়ক কর্মকর্তাকে তদন্ত করে প্রতিবেদন দাখিল করতে বলা হয়েছে। মহিলা বিষয়ক কর্মকর্তা, সাঁথিয়া সভায় জানান যে, তদন্ত প্রক্রিয়াধীন। প্রশ্নোত্তর পর্বে বয়সের ক্ষেত্রে এভিডেভিট গ্রহণযোগ্য নহে মর্মে সভায় আলোচনা হয়। | এভিডেভিট গ্রহণযোগ্য নহে মর্মে জেলায় পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যানগণ/ অফিসার-ইন-চার্জ, সাঁথিয়া/আতাইকুলা থানা, সংশ্লিষ্ট সকল |
| ০৩। | **জঙ্গী ও সন্ত্রাস দমন:** জঙ্গী ও সন্ত্রাস দমনে সরকার সফল বলে সভায় উপস্থিত সকলে অভিমত ব্যক্ত করেন। তবে মাঝে মাঝে কোন কোন সংগঠন মাথাচাড়া | চেয়ারম্যানগণ, বাড়ীভাড়ার ফরম সংশ্লিষ্ট ইউপি সাধারণ আসনের সদস্য/সংরক্ষিত | মেয়র/চেয়ারম্যান সকল, থানার ও.সি এবং সংশ্লিষ্ট |

| | | | |
|---|---|---|---|
| | দিয়ে উঠে। স্ব-স্ব ঘরের ছেলে মেয়েদের , প্রতিবেশী ও স্বজনদের নজরে রাখার পরামর্শ প্রদান করা হয়। অফিসার-ইন-চার্জ, সাঁথিয়া থানা সভায় জানান যে, ভাড়াটিয়াদের বিশেষ নজরে রাখতে হবে। কোন ভাড়াটিয়া যদি একজন নারী ও কয়েকজন উঠতি বয়সের ছেলে থাকে । তারা সহজে বাইরে বেরোয় না, কোন আসবাবপত্র সংগে আনে না। তাহলে নজরে আইন-শৃঙ্খলা বাহিনীকে বিষয়টি জানাবেন। | আসনের সদস্যদের দ্বারা পূরণপূর্বক ভাড়াটিয়ার বিস্তারিত তথ্য/উপাত্ত সংরক্ষণ করবেন এবং আইন-শৃঙ্খলা কাজে নিয়োজিতদের দেয়ার সিদ্ধান্ত গৃহিত হয়। | সকল। |
| ০৪(১)। | **চুরি ডাকাতি :**<br>চেয়ারম্যান, ভুলবাড়ীয়া ইউপি সভায় জানান যে, র‍্যাব সেজে, প্রশাসনিক লোত সেজে প্রকাশ্যে ডাকাতি, ছিনতাই করছে। আর-আতাইকুলাতে এমন ঘটনা হচ্ছে। ওসি আতাইকুলা সভায় বিষয়টি এমনটি ঘটেছে মর্মে জানান। আইন-শৃঙ্খলা বাহিনী অপরাধ দমনে তৎপরতা চালাচ্ছে। ঈদ-উল-আযহার কোরবানীর পশুর বেচা-কেনা শুরু হয়েছে। পশুরহাটে জাল নোট সনাক্তকরণসহ মেডিক্যাল টিম ও আইন-শৃঙ্খলা বাহিন কে চুরি-ডাকাতি, ছিনতাই ইত্যাদি অপরাধ দমনে সদা প্রস্তুত থাকার সিদ্ধান্ত গৃহিত হয়। | মেয়র/চেয়ারম্যানগণ চৌকিদার/দফাদার/গ্রাম পুলিশদের স্থানভিত্তিক পাহাড়ায় নিয়োজিতদের তালিকা /সিডিউল মোবাইল নম্বরসহ দাখিল এবং চোর-ডাকাতদের তালিকা দাখিল করার সিদ্ধান্ত গৃহিত হয়। | আইন-শৃঙ্খলা বাহিনী, মেয়র/ চেয়ারম্যানগণের ব্যবস্থা নেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ৫। | **মাদকদ্রব্য সংক্রান্ত :**<br>ওসি, সাঁথিয়া, পাবনা সভায় বলেন যে, ১৫টি মাদক মামলা হয়েছে।উপস্থিত সকলকে বিশেষ করে চেয়ারম্যান(সকল) ইউপিকে মাদক সনাক্ত করলে আইন-শৃঙ্খলা বাহিনীকে খবর দিন। মাদক নেশাগ্রস্থদের সামাজিকভাবে বুঝাতে হবে যে, তারা যাতে নেশা না করে। সামাজিক দায়বদ্ধ থেকে এ দায়িত্ব পালন করতে হবে। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, সাঁথিয়া সভায় বলেন যে, যারা মাদক নেশা করে, যারা সামাজিক বিশৃঙ্খলা সৃষ্টি করে, যারা মাদলামি করে তাদের ধরিয়ে দিন, সামাজিক শান্তি নিশ্চিত করতে হবে। | মাদকমুক্ত সমাজ করতে সকলকেই দায়িত্বশীল/তৎপর হয়ে কাজ করতে হবে। ইউনিয়ন পরিষদে উপস্থিত সকলের স্বজন/আত্মীয় থাকে তারা কেউ মাদক না খায় সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়াম্যান(সকল) ইউপি, আইন-শৃঙ্খলা বাহিনী/ অফিসার-ইন-চার্জ, সাঁথিয়া থানা/ আতাইকুলা, পাবনাকে উক্ত তালিকা প্রদানে দায়িত্ব প্রদান করা হলো। |
| ৬। | | রোড এন্ড হাইওয়েকে বলে সাঁথিয়ায় ট্রাফিক পুলিশ নিয়োগ সিদ্ধান্ত গৃহীত হয় এবং মেয়র সাঁথিয়া পৌরসভা কর্তৃক ০২ জন পৌর ট্রাফিক পুলিশ অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | মেয়র, সাঁথিয়া পৌরসভা, বনিক সমিতির সভাপতি, মটরযান সমিতির সভাপতি এবং সংশ্লিষ্ট। |

| | | | |
|---|---|---|---|
| ৭। | বিবিধ(১)<br>ডিগ্রী পরীক্ষা সংক্রান্ত :<br>অধ্যক্ষ, সাঁথিয়া ডিগ্রী কলেজ, সাঁথিয়া, পাবনা সভায় বলেন যে, ডিগ্রী পরীক্ষা ভালভাবে হচ্ছে। কোন অনিয়ম হয়নি।গত পরীক্ষাগুলোর মত আগামী পরীক্ষায় যাতে পরীক্ষার্থী নির্বিঘ্নে চলাচল করতে পারে সে দিকে ওসি, সাঁথিয়া/ আতাইকুলা থানাকে বিশেষ সতর্কতা ব্যবস্থা নেয়ার অনুরোধ করেন।<br>(২) ইভটিজিং :<br>চেয়ারম্যান, ধুলাউরি ইউপি সভায় জানান যে, ইফটিজিং বিষয়টি মোবাইল কোর্টের আওতায় আসায় ইফটিজিং বন্ধ করতে হবে। | শিক্ষার্থীগণ যাতে নির্বিঘ্নে লেখাপড়ার কাজ করতে পারে সে দিকে নজর রাখার জন্য আইন-শৃঙ্খলা বাহিনীসহ সকল ইউপি চেয়ারম্যানকে স্বীয় অধিক্ষেত্রে নজরদারি বাড়ানোর জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | আইন-শৃঙ্খলা বাহিনীসহ চেয়ারম্যান সকলকে দায়িত্ব প্রদান করা হয়। |
| | (৩) সরকারী রাস্তা বিনষ্টকারী পুকুর/খাল মালিকদের সতর্ককরণ :<br>সহকারি কমিশনার(ভূমি), সাঁথিয়া, পাবনা সভায় জানান যে, সভাপতি মহোদয়ের নির্দেশে বেড়া হতে মাধপুর পর্যন্ত পাকা সড়কের দুই পাশে খাল/পুকুর দ্বারা রাস্তা বিনষ্টকারীদের সার্ভে দ্বারা সার্ভে কওে সীমানা চিহ্নিত করা হয়েছে। | রাস্তা বিনষ্টকারী পুকুর/খাল মালিকদেরকে পাইলিং কওে রাস্তা ঠিক করতে বাধ্য করার জন্য চেয়ারম্যান(সকল)কে দায়িত্ব পালনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ইউপি চেয়ারম্যান (সকল) |

৮.০ অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
(মোঃ জাহাঙ্গীর আলম)
সভাপতি
উপজেলা আইন শৃংখলা কমিটি
ও
উপজেলা নির্বাহী অফিসার
সাঁথিয়া, পাবনা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়,
সাঁথিয়া, পাবনা।
santhia.pabna.gov.bd

স্মারক নং- ০৫.৪৩.৭৬৭২.০০০.০৭.০০৫.১৭- ১০৯৫(৪০) তারিখ : ২৩-৮-২০১৭ খ্রিঃ।

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরিত হলোঃ

১। জনাব এ্যাড. শামসুল হক টুকু, মাননীয় সংসদ সদস্য -৬৮, পাবনা -১।
২। জেলা প্রশাসক, পাবনা।
৩। পুলিশ সুপার, পাবনা।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সাঁথিয়া ,পাবনা ।
৫। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সাঁথিয়া, পাবনা।
৬। মেয়র, সাঁথিয়া পৌরসভা, সাঁথিয়া, পাবনা।
৭। উপজেলা ............................................... অফিসার, সাঁথিয়া, পাবনা।
৮। চেয়ারম্যান, ---------------------- ইউনিয়ন পরিষদ, সাঁথিয়া,পাবনা।
৯। জনাব / বেগম-------------------------------------------

২৩/৮/১৭
(মোঃ জাহাঙ্গীর আলম)
উপজেলা নির্বাহী অফিসার
সাঁথিয়া, পাবনা।
২৬/৮/২০১৭